USEO (All)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কার্যালয়, নওগাঁ
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
E-Mail: naogaon@dnc.gov.bd

স্মারক নম্বর-৫৮.০২.৬৪০০.১৪৫.২৯.১৪৪.২২-৪৪৪

২২ বৈশাখ, ১৪৩১
তারিখ:------------------।
০৫ মে, ২০২৪

**বিষয় : মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৪ উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা আয়োজন প্রসঙ্গে।**

সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,প্রধান কার্যালয়,ঢাকা এর স্মারক নং-৫৮.০২.০০০০.০০৯.২৩.০২৩.২১-১০৭,তারিখ: ২২/০৪/২৪ ইং।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৪ উদযাপন উপলক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক রচনা প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। ০৩ (তিন) টি গ্রুপে উক্ত রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। গ্রুপ ও রচনার বিষয় নিম্নরূপ:

**রচনা প্রতিযোগিতা**

| ক্র: নং | গ্রুপ | শ্রেণি | রচনার বিষয়বস্তু |
|---|---|---|---|
| ০১ | ক | ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও সমমান (সর্বোচ্চ ১০০০ শব্দ) | মাদককে রুখব, স্মার্ট বাংলাদেশ গড়ব। |
| ০২ | খ | ৯ম, ১০ম ও সমমান (সর্বোচ্চ ১৫০০ শব্দ) | মাদকমুক্ত বাংলাদেশ<br>সুস্থ্য জীবন সুস্থ্য দেশ। |
| ০৩ | গ | একাদশ, দ্বাদশ, স্নাতক ও সমমান (সর্বোচ্চ ২০০০ শব্দ) | বাঁচাতে দেশ বাঁচাতে জীবন<br>রুখতে হবে মাদক আগ্রাসন। |

**নিয়মাবলী:**

১. রচনা A4 সাইজ সাদা কাগজে স্বহস্তে বাংলা ভাষায় স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
২. রচনার সাথে আলাদা কাগজে প্রতিযোগীর নাম, পিতার নাম, মাতার নাম, রোল নং, বিভাগ, শ্রেণি, শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৩. **রচনা আগামী ২১ মে, ২০২৪ খ্রি. তারিখ বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নওগাঁ, পোস্ট কোড-৬৫০০, নওগাঁ সদর, নওগাঁ এই ঠিকানায় সরাসরি অথবা ডাকযোগে জমা প্রদান করতে হবে।**

**মূল্যায়ন পদ্ধতি ও পুরস্কার:**

**প্রথম ধাপ :** জেলা পর্যায়ে গ্রুপ ভিত্তিক প্রথম স্থান, দ্বিতীয় স্থান ও তৃতীয় স্থান নির্ধারণ ও পুরস্কার প্রদান।

**দ্বিতীয় ধাপ :** জেলা পর্যায়ের গ্রুপ ভিত্তিক প্রথম স্থান, দ্বিতীয় স্থান ও তৃতীয় স্থান অর্জনকারীদের মধ্য হতে বিভাগীয় পর্যায়ে প্রথম স্থান, দ্বিতীয় স্থান ও তৃতীয় স্থান নির্ধারণ।

**তৃতীয় ধাপ :** বিভাগীয় পর্যায়ের গ্রুপ ভিত্তিক প্রথম স্থান, দ্বিতীয় স্থান ও তৃতীয় স্থান অর্জনকারীদের মধ্য হতে জাতীয় পর্যায়ে প্রথম স্থান, দ্বিতীয় স্থান ও তৃতীয় স্থান নির্ধারণ ও পুরস্কার প্রদান।

এমতাবস্থায়, তরুণ প্রজন্মকে মাদকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সচেতন করতে আপনার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের উক্ত মাদকবিরোধী রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

05/05/24

(মোঃ লোকমান হোসেন)
সহকারী পরিচালক
ও
সদস্য-সচিব
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ
ও প্রচারণা কমিটি, নওগাঁ।
ফোন: ০১৪০৪-০৭২৪১৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অধ্যক্ষ (সকল),..............................................সরকারি কলেজ, নওগাঁ।
২. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।
৩. জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, নওগাঁ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল),...................................উপজেলা, নওগাঁ।
৫. অধ্যক্ষ (সকল),.................................................................... কলেজ, নওগাঁ।
৬. প্রধান শিক্ষক(সকল),...................................কারিগরি/মাদ্রাসা/মাধ্যমিক বিদ্যালয়, নওগাঁ।
৭. ..........................................................................................., নওগাঁ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, নওগাঁ ও সভাপতি, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি, নওগাঁ।
৩. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
৪. অফিস কপি/গার্ড ফাইল।